ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৪১১

আগরতলা, ১৮ আগস্ট,২০২৫

**নারীদের আর্থসামাজিক অবস্থার উন্নয়নের জন্য রাজ্য সরকার বিভিন্ন পরিকল্পনা রূপায়ণ করছে : সমাজকল্যাণমন্ত্রী**

নারীদের আর্থসামাজিক অবস্থার উন্নয়নের জন্য রাজ্য সরকার বিভিন্ন পরিকল্পনা রূপায়ণ করছে। স্বাবলম্বী হওয়ার জন্য নারীদের মানসিকভাবে প্রস্তুতি নিতে হবে। নিজের পায়ে দাঁড়ানোর ইচ্ছাশক্তি থাকতে হবে। রাজ্য সরকার সব সময় নারীদের পাশে রয়েছে। আজ আগরতলা মুক্তধারা অডিটোরিয়ামে মহিলাদের সেলাই মেশিন বিতরণ অনুষ্ঠানের উদ্বোধন করে সমাজকল্যাণ ও সমাজশিক্ষামন্ত্রী টিংকু রায় একথা বলেন। ত্রিপুরা রাজ্য মহিলা কমিশনের উদ্যোগে এবং টি.এন.জি.সি.এল.-এর সহযোগিতায় এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

সমাজকল্যাণ ও সমাজশিক্ষামন্ত্রী টিংকু রায় বলেন, স্বসহায়ক দল গঠনের মাধ্যমে মহিলাদের স্বনির্ভর করার জন্য রাজ্য সরকার কাজ করছে। প্রসঙ্গক্রমে তিনি রাজ্যে এবং সারা দেশে বিভিন্ন ক্ষেত্রে মহিলাদের নেতৃত্বদানের কথা তুলে ধরেন। তিনি আশা প্রকাশ করেন আগামীদিনে রাজ্যের নারীরা আত্মনির্ভর হয়ে উঠবেন। এই অনুষ্ঠানে রাজ্যের বিভিন্ন জায়গা থেকে আসা ১২০ জন মহিলাকে সেলাই মেশিন বিতরণ করা হয়। সমাজশিক্ষামন্ত্রী বলেন, মহিলাদের আর্থিক দিক দিয়ে স্বাবলম্বী করার জন্য এই উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মহিলা কমিশনের চেয়ারপার্সন ঝর্ণা দেববর্মা, ভাইস চেয়ারপার্সন মধুমিতা চৌধুরী, টি.এন.জি.সি.এল.-এর ম্যানেজিং ডিরেক্টর প্রলয় পাত্র প্রমুখ।

*****